বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা
আন্তর্জাতিক বাণিজ্য বিভাগ

টেলিফোননং ঃ ৯৫৬০৫৬৩
৭১১০৬৭৭
ফ্যাক্স নং ঃ ৭১২৩৬৮৩
ই-মেইল ঃ dgmtrade@krishibank.org.bd

পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং- ০২/২০১৭ তারিখ ২৬-০২-২০১৭

উপ-মহাব্যবস্থাপক
ট্রেজারী ম্যানেজমেন্ট বিভাগ / ফরেন রেমিটেন্স ম্যানেজমেন্ট বিভাগ/
কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ / তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ/
প্রত্যবেক্ষন ও নিরীক্ষা বিভাগ-২(বৈদেশিক বানিজ্য নিরীক্ষা সেল)
বাংলাদেশ কৃষি ব্যাংক ।
ও
উপ-মহাব্যবস্থাপক/ ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক,
সকল অনুমোদিত ডিলার শাখা ।

**বিষয়ঃ বাংলাদেশ ব্যাংক (বিবি) - এডি ফোরামের ১৩ তম সভার গৃহীত সিদ্ধান্ত প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়

উপরোক্ত বিষয়ে বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ , বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয় , ঢাকা এর পত্র নং এফইপিডি ( এফইএমপি) ৩৪/২০১৭-১৪২৭, তারিখ ১৩-০২-২০১৭ এবং তৎসংগে সংযুক্ত Bangladesh Bank Authorized Dealers' Forum এর ১৩ তম সভার সিদ্ধান্ত সমূহের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে ( কপি সংযুক্ত) ।

০২। বিবি-এডি ফোরামের ১৩ তম সভার সকল সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করা হলো। এতদ্ব্যতীত, এতদব্যাংক সংশ্লিষ্ট উক্ত সভার সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের জন্য নিম্নবর্ণিত পরামর্শ প্রদান করা হলো ঃ

**ক) ম্যানুয়াল ইএক্সপি রেজিষ্টার ব্যবহারের বিদ্যমান নির্দেশনা পরিবর্তনপূর্বক শুধু অনলাইন ইএক্সপি রেজিষ্টার সংরক্ষন প্রসঙ্গে ঃ**
এডি ব্যাংকগুলো বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত ফরম্যাট ব্যবহার করে কম্পিউটারে ইএক্সপি রেজিষ্টার সংরক্ষন করতে পারে যা বাংলাদেশ ব্যাংক/অন্য কোন নিরীক্ষা দলের তাৎক্ষনিক পরিদর্শনের জন্য চাহিদামাত্র সরবরাহ করবে।

**খ) অভ্যন্তরীন ব্যাক টু ব্যাক ঋনপত্র স্থাপনকারী ব্যাংক কর্তৃক স্থানীয় সরবরাহের বিপরীতে ম্যাচুরিটি তারিখে বিলমূল্য পরিশোধ না করা প্রসঙ্গে ঃ**
অভ্যন্তরীন ব্যাক টু ব্যাক ঋনপত্র স্থাপনকারী ব্যাংক কর্তৃক স্থানীয় সরবরাহের বিপরীতে ম্যাচুরিটি তারিখে বিলমূল্য পরিশোধ নিশ্চিত করতে হবে।

**গ) রপ্তানিকারক প্রতিষ্ঠানের বিবিধ ফি পরিশোধে বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন গ্রহন প্রসঙ্গে ঃ**
গার্মেন্টস, টেক্সটাইল ও গার্মেন্টস এক্সেসরিজ উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহের বিভিন্ন স্ট্যান্ডার্ড সার্টিফিকেট, লাইসেন্স, টেষ্টিং, ইনস্পেকশন ফি ইত্যাদি পরিশোধের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন ছাড়াই রপ্তানিকারকের রিটেনশন কোটার (ERQ)স্থিতি ব্যবহার করা যাবে মর্মে নির্দেশনা রয়েছে।

**ঘ) অন লাইন এক্সপোর্ট মনিটরিং সিস্টেমে ভুল রিপোর্টিং সংশোধনে প্রসঙ্গে ঃ**
অন লাইন এক্সপোর্ট মনিটরিং সিস্টেমে ভুল রিপোর্টিং হলে তা বর্তমানে প্রচলিত বাংলাদেশ ব্যাংকের সাথে ই-মেইলে যোগাযোগের মাধ্যমে সংশোধন করা যাচ্ছে। এ ক্ষেত্রে এক্সপোর্ট প্রসিড রিয়ালাইজেশন(প্রাক্তন ট্রিপলিকেট) রিপোর্টিংয়ের পর ইএক্সপিতে ভুল রিপোর্টিং সংশোধনে এডি ব্যাংগুলোকে প্রাধিকার প্রদান করা যৌক্তিক হবে না। ট্রিপলিকেট (সফটকপি) রিপোর্টিংয়ের পূর্বেই রিপোর্টিংয়ের সঠিকতা ব্যাংকগুলো নিজ দায়িত্বে নিশ্চিত করবে।

**ঙ) রপ্তানির বিপরীতে নগদ সহায়তা প্রাপ্তির যোগ্যতা অর্জন প্রসঙ্গে ঃ**
সম্পূর্ন বিদেশী মালিকানাধীন অথবা দেশী বিদেশী যৌথ মালিকানাধীন কোন রপ্তানিকারক প্রতিষ্ঠান ইপিজেড এর বাইরে অবস্থিত হলেও উক্ত প্রতিষ্ঠানের রপ্তানির বিপরীতে নগদ সহায়তা প্রাপ্তির ক্ষেত্রে কোন প্রতিবন্ধকতা নেই। তবে, এ ধরনের প্রতিষ্ঠানের বিদেশে প্রেরনযোগ্য লভ্যাংশ হিসাবকালে নগদ সহায়তার অংক/পরিমান অন্তর্ভুক্ত করা যাবে না।

**চ) Online Foreign Exchange Transaction Monitoring System এ আমদানি-রপ্তানি সংক্রান্ত তথ্য পূর্নাঙ্গভাবে আপলোড বিষয়ে বন্ড কমিশনারেট কর্তৃক বাংলাদেশ ব্যাংকে প্রেরিত পত্র প্রসঙ্গে ঃ**
আমদানি-রপ্তানির ক্ষেত্রে একই চালানে একাধিক পন্য থাকলে প্রতিটি পন্যের পৃথক বিবরণ(এইচএস কোড) ও পরিমান বাংলাদেশ ব্যাংকের **Online Foreign Exchange Transactions Monitoring System** এ রিপোর্ট করতে হবে। এছাড়া রপ্তানি এলসি/চুক্তির বিপরীতে স্থাপিত প্রতিটি স্থানীয় ঋনপত্র /স্থানীয় চুক্তির তথ্যও অনলাইন সিস্টেমে রিপোর্ট করতে হবে।

**ছ) ইতোমধ্যে ইস্যুকৃত এলসিএএফ পুনরায় সংশোধন করে নতুন আমদানি সুবিধা প্রদান প্রসঙ্গে ঃ**
বিল অব এন্ট্রি মেয়াদোত্তীর্ন থাকাবস্থায় ইতোমধ্যে ইস্যুকৃত এলসিএএফ পুনরায় সংশোধন করে নতুন আমদানির জন্য ব্যবহার করা হচ্ছে এরূপ দৃষ্টান্ত এফইওডির দৃষ্টিগোচর হয়েছে। এ ধরনের অনৈতিক কাজ হতে সংশ্লিষ্ট সকলকে বিরত থাকতে হবে।

**জ) বাংলাদেশ ব্যাংকের অনলাইন সিষ্টেমে ডুপ্লিকেট/ভুল /অতিরিক্ত এলসিএফ এর তথ্য রিপোর্টিং প্রসঙ্গে ঃ**
বাংলাদেশ ব্যাংকের অন- লাইন সিষ্টেমে অনেক সময় এলসিএফএর তথ্য ভুল বা ডুপ্লিকেট আকারে দেওয়া হয়। এসব তথ্যাদি সময়মত ডিলিট না করার কারনে সমস্যা সৃষ্টি হচ্ছে। রিপোর্টকৃত ভুল/অপ্রয়োজনীয় এলসিএএফ এর তথ্যাদি সিষ্টেম হতে মুছে ফেলতে হবে এবং ভবিষ্যতে যাতে এর পুনরাবৃত্তি না ঘটে সে বিষয়ে ব্যাংগুলোকে যত্নবান হতে হবে।

০৩। বিষয়টি অতীব জরুরী ও গুরুত্বপুর্ন।

অনুমোদনক্রমে,

সংযুক্তিঃ বর্ননা মোতাবেক।

২৬/২
(মোঃ দাউদ খান মাহফুজ)
উপ- মহাব্যবস্থাপক

আঃবাঃবিঃ ১(০৫)/২০১৬-১৭/১৬৩২ তারিখ ঃ ২৬-০২-২০১৭

সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরন করা হলো ঃ

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি ,প্রকা ,ঢাকা।
০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২ ও ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি ,প্রকা, ঢাকা।
০৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৪। অধ্যক্ষ(মহাব্যবস্থাপক) বিকেবি, ষ্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সচিব, পর্ষদ সচিবালয়/সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি প্রকা ঢাকা/সকল সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।(পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগকে অনুরোধ করা হলো।)
০৬। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। নথি/ মহানথি

(আহছান আলি রশীদ)
সহকারী মহাব্যবস্থাপক

# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
(বৈদেশিক মুদ্রা বাজার নীতি শাখা)

সূত্র ঃ এফইপিডি(এফইএমপি)/৩৪/২০১৭- ৯৪২৭

তারিখঃ ১৩ ফেব্রুয়ারী, ২০১৭

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল অনুমোদিত ডিলার ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণঃ বিভাগীয় প্রধান, আন্তর্জাতিক বিভাগ/ ট্রেজারী ব্যাক অফিস (সদস্য, বিবি-এডি ফোরাম)।

প্রিয় মহোদয়,

**"Bangladesh Bank-Authorized Dealers' Forum" এর ১৩তম সভার রেকর্ডনোটস প্রসংগে।**

বিগত ০৭/০২/২০১৭ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় বাংলাদেশ ব্যাংকের মূল ভবনের ৫ম তলাস্থিত জাহাঙ্গীর আলম কনফারেন্স হলে অনুষ্ঠিত 'বাংলাদেশ ব্যাংক-অনুমোদিত ডিলারস ফোরাম' এর ১৩তম সভার রেকর্ডনোটস (কপি সংযুক্ত) এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

রেকর্ডনোটস এর ২-১১ নম্বর ক্রমিকে বর্ণিত সিদ্ধান্তসমূহের যথাযথ বাস্তবায়ন/পরিপালন নিশ্চিতকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনাসহ অভ্যন্তরীণ সার্কুলার জারী করে তা ব্যাংকের সংশ্লিষ্ট বিভাগ/অনুমোদিত ডিলার শাখাসমূহকে প্রেরণপূর্বক আগামী ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে অত্র বিভাগকে (সার্কুলারের কপিসহ) হার্ড কপিতে/নিম্নলিখিত ঠিকানায় ই-মেইলে অবহিত করার জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

(মোহাম্মদ মিজানুর রহমান)
যুগ্ম পরিচালক
ফোনঃ ০২-৫৫৬৬৫০০২-৫/২১২০০ (আইপি)
ই-মেইলঃ mizanur.rahman330@bb.org.bd
CC to: mn.haider@bb.org.bd

## বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

### "Bangladesh Bank-Authorized Dealers' Forum" এর ১৩তম সভার রেকর্ডনোটস।

"বাংলাদেশ ব্যাংক-অনুমোদিত ডিলারস ফোরাম" এর ১৩তম সভা ০৭/০২/২০১৭ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় ফোরামের আহবায়ক ও বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক জনাব আহমেদ জামাল এর সভাপতিত্বে বাংলাদেশ ব্যাংকের মূল ভবনের ৫ম তলায় অবস্থিত জাহাঙ্গীর আলম কনফারেন্স হলে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ফোরামের সদস্য ও প্রতিনিধিদের তালিকা পরিশিষ্ট ক ও খ তে দেখানো হলো।

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভার কার্যপত্রে উল্লিখিত আলোচ্যসূচীর বিষয়সমূহ পর্যায়ক্রমিকভাবে উপস্থাপনের জন্য ফোরামের সদস্য ও বৈদেশিক মুদ্রা নীতি বিভাগের মহাব্যবস্থাপক জনাব মোঃ মাসুদ বিশ্বাসকে আহ্বান জানান। জনাব বিশ্বাস প্রথমে বিগত সভার (১২তম) গৃহীত সিদ্ধান্তগুলোর পরিপালন/বাস্তবায়ন অগ্রগতি সভাকে অবহিত করেন। বিগত সভার (১২তম) রেকর্ড নোটস এর ৩ নম্বর ক্রমিকের সিদ্ধান্ত (মেশিনারী আমদানির সাথে সার্ভিস ক্রয় অন্তর্ভুক্ত থাকার ক্ষেত্রে সার্ভিস অংশের জন্য বাংলাদেশ ব্যাংকের অনুমোদন গ্রহণ প্রসঙ্গে) এবং ৮ নম্বর ক্রমিকের সিদ্ধান্ত (ম্যানুয়াল ইএক্সপি রেজিষ্টার ব্যবহারের বিদ্যমান নির্দেশনা পরিবর্তনপূর্বক শুধু অনলাইন ইএক্সপি রেজিষ্টার সংরক্ষণ প্রসঙ্গে) ব্যতীত অন্যান্য সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে পরিপালিত মর্মে নিশ্চিত করা হয়। অতঃপর তিনি বিবি-এডি ফোরামের ১২তম সভা অনুষ্ঠিত হওয়ার পর হতে ১৩তম সভা অনুষ্ঠিত হওয়ার পূর্ব পর্যন্ত সময়কালে জারিকৃত বিভিন্ন এফই সার্কুলার ও সার্কুলার লেটারের মাধ্যমে বৈদেশিক মুদ্রা বিধিবিধানের বিষয়ে গৃহীত উল্লেখযোগ্য সিদ্ধান্তগুলো সংক্ষেপে তুলে ধরেন এবং প্রযোজ্য ক্ষেত্রে ব্যাখ্যা প্রদান/স্পষ্টীকরণ করেন। এরপর সভায় উপস্থিত বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তাগণ এবং এডি ব্যাংকের প্রতিনিধিগণ ১৩তম সভার আলোচ্যসূচীর বিভিন্ন বিষয়ের উপর আলোচনায় অংশগ্রহণ করেন এবং তাদের মূল্যবান বক্তব্য/মতামত তুলে ধরেন। আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রমিক নম্বর | আলোচ্য বিষয় | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী পক্ষ/পক্ষসমূহ |
|---|---|---|---|
| ১. | মেশিনারী আমদানির সাথে সার্ভিস ক্রয় অন্তর্ভুক্ত থাকার ক্ষেত্রে সার্ভিস অংশের জন্য বাংলাদেশ ব্যাংকের অনুমোদন গ্রহণ প্রসংগে। | মূলধনী পণ্য ও সেবার সংমিশ্রণে এলসি স্থাপন করার ক্ষেত্রে সেবা অংশের জন্য বাংলাদেশ ব্যাংকের পৃথক অনুমোদন গ্রহণের আবশ্যকতা রয়েছে কিনা তা পরীক্ষা নিরীক্ষাপূর্বক বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ (এফইপিডি) যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে। | আমদানি নীতি শাখা, এফইপিডি, বাংলাদেশ ব্যাংক। |
| ২. | ম্যানুয়াল ইএক্সপি রেজিষ্টার ব্যবহারের বিদ্যমান নির্দেশনা পরিবর্তনপূর্বক শুধু অনলাইন ইএক্সপি রেজিষ্টার সংরক্ষণ প্রসংগে। | এডি ব্যাংকগুলো বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত ফরম্যাট ব্যবহার করে কম্পিউটারে ইএক্সপি রেজিষ্টার সংরক্ষণ করতে পারে যা বাংলাদেশ ব্যাংক/অন্য কোন নিরীক্ষা দলের তাৎক্ষণিক পরিদর্শনের জন্য চাহিবামাত্র সরবরাহ করবে । | সকল এডি ব্যাংক |
| ৩. | নতুন লাইসেন্সপ্রাপ্ত স্থানীয় ব্যাংকগুলোর সাথে RMA স্থাপনে বাংলাদেশে ব্যবসায়রত বিদেশী ব্যাংকগুলোর সহযোগিতা প্রদান প্রসংগে। | নতুন লাইসেন্সপ্রাপ্ত দেশী ব্যাংকগুলো বাংলাদেশে ব্যবসায়রত বৃহৎ বিদেশী ব্যাংকগুলোর ঢাকা অফিসের সাথে এখনও Relationship Management Application (RMA) সম্পর্ক স্থাপনে সক্ষম হয়নি। এসকল বিদেশী ব্যাংকগুলোর ঢাকা অফিসের সাথে RMA সম্পর্ক স্থাপন করা গেলে দেশীয় নতুন ব্যাংকগুলোর বৈদেশিক লেনদেন সহজতর হবে বিধায় বিদেশী ব্যাংকগুলোর ঢাকা অফিস এ বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে। | বাংলাদেশে ব্যবসায়রত বিদেশী ব্যাংক (এডি)। |

| ক্রমিক নম্বর | আলোচ্য বিষয় | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী পক্ষ/পক্ষসমূহ |
|---|---|---|---|
| ৪. | অভ্যন্তরীণ ব্যাক টু ব্যাক ঋণপত্র স্থাপনকারী ব্যাংক কর্তৃক স্থানীয় সরবরাহের বিপরীতে ম্যাচুরিটি তারিখে বিলমূল্য পরিশোধ না করা প্রসংগে। | অভ্যন্তরীণ ব্যাক টু ব্যাক ঋণপত্র স্থাপনকারী ব্যাংক কর্তৃক স্থানীয় সরবরাহের বিপরীতে ম্যাচুরিটি তারিখে বিলমূল্য পরিশোধ নিশ্চিত করতে হবে। | সকল এডি ব্যাংক |
| ৫. | রপ্তানিকারক প্রতিষ্ঠানের বিবিধ ফি পরিশোধে বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন গ্রহণ প্রসংগে। | গার্মেন্টস, টেক্সটাইলস ও গার্মেন্টস এক্সেসরিজ উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহের বিভিন্ন স্ট্যান্ডার্ড সার্টিফিকেট, লাইসেন্স, টেস্টিং, ইনস্পেকশন ফি ইত্যাদি পরিশোধের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমতি ছাড়াই রপ্তানিকারকের রিটেনশন কোটার (ERQ) স্থিতি ব্যবহার করা যাবে মর্মে নির্দেশনা কার্যকর রয়েছে। | সকল এডি ব্যাংক |
| ৬. | অনলাইন এক্সপোর্ট মনিটরিং সিস্টেমে ভুল রিপোর্টিং সংশোধনে এডি ব্যাংকসমূহের প্রধান কার্যালয়কে ক্ষমতা প্রদান প্রসংগে। | অনলাইন এক্সপোর্ট মনিটরিং সিস্টেমে ভুল রিপোর্টিং হলে তা বর্তমানে প্রচলিত বাংলাদেশ ব্যাংকের সাথে ই-মেইলে যোগাযোগের মাধ্যমে সংশোধন করা যাচ্ছে। এক্ষেত্রে এক্সপোর্ট প্রসিড রিয়েলাইজেশন(প্রাক্তন ট্রিপলিকেট) রিপোর্টিংয়ের পর ইএক্সপিতে ভুল রিপোর্টিং সংশোধনে এডি ব্যাংকগুলোকে প্রাধিকার প্রদান করা যৌক্তিক হবে না। ট্রিপলিকেট (সফটকপি) রিপোর্টিংয়ের পূর্বেই রিপোর্টিংয়ের সঠিকতা ব্যাংকগুলো নিজ দায়িত্বে নিশ্চিত করবে। | সকল এডি ব্যাংক |
| ৭. | রপ্তানীর বিপরীতে নগদ সহায়তা প্রাপ্তির যোগ্যতা অর্জন প্রসংগে। | সম্পূর্ণ বিদেশী মালিকানাধীন অথবা দেশী বিদেশী যৌথ মালিকানাধীন কোন রপ্তানীকারক প্রতিষ্ঠান ইপিজেড এর বাইরে অবস্থিত হলেও উক্ত প্রতিষ্ঠানের রপ্তানীর বিপরীতে নগদ সহায়তা প্রাপ্তির ক্ষেত্রে কোন প্রতিবন্ধকতা নেই। তবে, এ ধরনের প্রতিষ্ঠানের বিদেশে প্রেরণযোগ্য লভ্যাংশ হিসাবকালে নগদ সহায়তার অংক/পরিমাণ অন্তর্ভূক্ত করা যাবে না। | সকল এডি ব্যাংক |
| ৮. | বৈদেশিক রেমিটেন্স গ্রহীতা ব্যাংক থেকে নগদ অর্থ গ্রহণকালে ১০/- (দশ) টাকার রেভিনিউ স্ট্যাম্প ব্যবহার প্রসংগে। | স্ট্যাম্প এ্যাক্ট-১৮৯৯ কিংবা অন্য কোন আইন (যদি থাকে) অনুযায়ী ব্যাংকের হিসাবধারী নয় এমন বৈদেশিক ওয়েজ রেমিটেন্স গ্রহীতা কর্তৃক ব্যাংক থেকে নগদ অর্থ গ্রহণের ক্ষেত্রে ১০/- (দশ) টাকার রেভিনিউ স্ট্যাম্প ব্যবহারের বাধ্যবাধকতা রয়েছে কিনা তা এডি ব্যাংকগুলো তাদের স্ব স্ব ব্যাংকের লিগ্যাল রিটেইনার/উপযুক্ত আইন বিশেষজ্ঞ কর্তৃক ভেটিং করিয়ে তদনুযায়ী ব্যবস্থা গ্রহণ করবে। | সকল এডি ব্যাংক |
| ৯. | Online Foreign Exchange Transaction Monitoring System এ আমদানি-রপ্তানি সংক্রান্ত তথ্য পূর্ণাঙ্গভাবে আপলোড বিষয়ে বন্ড কমিশনারেট কর্তৃক বাংলাদেশ ব্যাংকে প্রেরিত পত্র প্রসংগে। | আমদানি-রপ্তানির ক্ষেত্রে একই চালানে একাধিক পণ্য থাকলে প্রতিটি পণ্যের পৃথক বিবরণ (এইচএস কোড) ও পরিমাণ বাংলাদেশ ব্যাংকের - Online Foreign Exchange Transactions Monitoring System এ রিপোর্ট করতে হবে। এছাড়া রপ্তানি এলসি/চুক্তির বিপরীতে স্থাপিত প্রতিটি স্থানীয় ঋণপত্র/স্থানীয় চুক্তির তথ্যও অন-লাইন সিস্টেমে রিপোর্ট করতে হবে। | সকল এডি ব্যাংক |

| ক্রমিক নম্বর | আলোচ্য বিষয় | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী পক্ষ/পক্ষসমূহ |
|---|---|---|---|
| ১০. | ইতোমধ্যে ইস্যুকৃত এলসিএএফ পুনরায় সংশোধন করে নতুন আমদানি সুবিধা প্রদান প্রসংগে। | বিল অব এন্ট্রি মেয়াদোত্তীর্ণ থাকাবস্থায় ইতোমধ্যে ইস্যুকৃত এলসিএএফ পুনরায় সংশোধন করে নতুন আমদানির জন্য ব্যবহার করা হচ্ছে এরূপ দৃষ্টান্ত এফইওডির দৃষ্টিগোচর হয়েছে। এ ধরনের অনৈতিক কাজ হতে সংশ্লিষ্ট সকলকে বিরত থাকতে হবে। | সকল এডি ব্যাংক |
| ১১. | বাংলাদেশ ব্যাংকের অনলাইন সিষ্টেমে ডুপ্লিকেট/ভুল/অতিরিক্ত এলসিএফ এর তথ্যাদি রিপোর্টিং প্রসংগে। | বাংলাদেশ ব্যাংকের অন-লাইন সিষ্টেমে অনেক সময় এলসিএফ এর তথ্য ভুল বা ডুপ্লিকেট আকারে দেয়া হয়। এসব তথ্যাদি সময়মত ডিলিট না করার কারণে সমস্যা সৃষ্টি হচ্ছে। রিপোর্টকৃত ভুল/অপ্রয়োজনীয় এলসিএএফ এর তথ্যাদি সিষ্টেম হতে মুছে ফেলতে হবে এবং ভবিষ্যতে যাতে এর পুনরাবৃত্তি না ঘটে সে বিষয়ে ব্যাংকগুলোকে যত্নবান হতে হবে। | সকল এডি ব্যাংক। |
| ১২. | 'টিএম-ফরম' এবং 'ফরম-সি' অনলাইনে আপলোড করার সময় ব্যাংক রেফারেন্স নম্বর প্রদানের জন্য ফিল্ড তৈরি করা প্রসংগে। | 'টিএম-ফরম' এবং 'ফরম-সি' অনলাইনে আপলোড করার সময় ব্যাংক রেফারেন্স নম্বর প্রদানের কোন ফিল্ড না থাকায় ব্যাংকগুলো সহজে তাদের লেনদেন চিহ্নিত করতে পারছে না বিধায় উভয় ক্ষেত্রে এ সংক্রান্ত একটি করে ফিল্ড তৈরি করতে হবে। | এফইওডি, বাংলাদেশ ব্যাংক। |

পরিশেষে সভাপতি মহোদয় সভায় যোগদান ও মূল্যবান মতামত রাখার জন্য উপস্থিত সকল সদস্যদের আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(আহমেদ জামাল)
আহবায়ক, বিবি-এডি ফোরাম
ও
নির্বাহী পরিচালক, বাংলাদেশ ব্যাংক।

16 ৫/৮